

**West Bengal State University**  
**B.A./B.Sc./B.Com. ( Honours, Major, General ) Examinations, 2013**

**PART – III ( Honours )**

**বাংলা — সাম্মানিক**

**ষষ্ঠ পত্র**

Duration : 4 Hours

Full Marks : 100

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ক) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে গ্রাম ও শহরের দ্বন্দ্বময়তার সঙ্গে মিশেছে মানবমনের নিগূঢ় প্রেমের সংরাগ — উপন্যাসটি বিশ্লেষণ করে আপনার অভিমত ব্যক্ত করুন। ১৫
- অথবা
- খ) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে আপন স্বাতন্ত্র্যে বিশিষ্ট দুটি মানুষের দেখা আমরা পেয়েছি — একজন পরাজিত কুসুম, অপরজন মতি। — এই চরিত্র দুটির পারস্পরিক সাদৃশ্য ও বৈসাদৃশ্য আলোচনা করুন।  $৭\frac{১}{২} + ৭\frac{১}{২} = ১৫$
- ২। ক) বীরসা চেয়েছিল অরণ্যের অধিকার। — এই 'অরণ্যের অধিকার' বলতে কী বোঝায় ? উপন্যাসের এই নামকরণ কতদূর সার্থক হয়েছে, আলোচনা করুন। ৫ + ১০ = ১৫
- অথবা
- খ) একদিকে ইতিহাসের মিথ, অন্যদিকে রক্তমাংসের বীর যোদ্ধা, দু'য়ের নিপুণ সমন্বয়ে নির্মিত হয়েছে বীরসার চরিত্র — আলোচনা করুন। ১৫
- ৩। ক) অতিপ্রাকৃত গল্প হিসেবে 'ক্ষুধিত পাষণ' — এর সার্থকতা বিচার করুন। ১৫
- অথবা
- খ) "সে নির্জন দ্বিপ্রহরের মতো শব্দহীন এবং সঙ্গীহীন" — রবীন্দ্রনাথের ছোটগল্প অবলম্বনে এই নিঃশব্দ নিঃসঙ্গ চরিত্রটির পরিচয় পরিস্ফুট করুন। ১৫
- ৪। ক) 'মেঘমল্লার' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করুন। ১৫
- অথবা

- খ) 'অবতরণিকা' গল্পে নিম্নবিত্ত ঘরের বধু আরতির লড়াই ঘরে ও বাইরে — বাঙালি বধুর এই দ্বিবিধ সংগ্রামের পরিচয় দিন। ১৫
- ৫। ক) 'আদাব' গল্পে সাম্প্রদায়িক সম্প্রীতি ও মানবতাবোধের পরিচয়টি কীভাবে প্রকাশ পেয়েছে আলোচনা করুন। ১৫

অথবা

- খ) 'মতিলাল পাদরী' গল্পে খ্রিস্টজন্মের তথাকথিত ও পরিচিত কাহিনীর মিথ ভেঙে এক দেশি খ্রিস্টান পাদরির চরিত্র নির্মাণে যে অসাধারণ মাত্রা যোগ করেছেন লেখক — তার পরিচয় দিন। ১৫
- ৬। ক) "চলে না এলে কী করে বুঝতাম ওখানে ওমনিভাবে থাকা ছাড়া আমার গতি নেই?" — কে, কাকে, কোন প্রসঙ্গে এই উক্তি করেছে? ১ + ১ + ৩ = ৫

অথবা

- "রাজপুত্র প্রবীরকে স্বামী হিসাবে পাইয়া মতির সুখের সীমা নাই" — 'রাজপুত্র প্রবীর' কাকে বলা হয়েছে? তার চারিত্রিক বৈশিষ্ট্য খুব সংক্ষেপে উল্লেখ করুন। ১ + ৪ = ৫
- খ) "আজ বাঁচার চেয়ে মৃত্যু ভালো" — কাদের গানে এই পংক্তি ছিল? এ গানের রচয়িতা ও সুরকার আসলে কে? পংক্তিটির অর্থ বুঝিয়ে দিন। ১ + ২ + ২ = ৫

অথবা

- "কেন জমি ছাড়ব কেন? জঙ্গল আমাদের নয়? জমি আমাদের নয়?" — কারা ভেবেছে এ কথা? এই ভাবনার প্রসঙ্গটি সংক্ষেপে বিবৃত করুন। ১ + ৪ = ৫
- গ) "ওঃ আমাদের ডাক্তারবাবুর কন্যা" — কে, কাকে একথা বলেছে? প্রসঙ্গটি বুঝিয়ে লিখুন। ১ + ১ + ৩ = ৫

অথবা

- "আমি চললুম, আমাকে খুঁজতে চেষ্টা কোরো না। করলেও খুঁজে পাবে না।" — প্রসঙ্গ উল্লেখপূর্বক উদ্ধৃতাংশটির ব্যাখ্যা করুন। ৫
- ঘ) "মৃত্তিকার স্নেহের মতো শ্যামল একটি অসহায় ছেলে সেখানে এসেছে কিসের খোঁজে?" — কে, কোথায়, কিসের খোঁজে এসেছে? যার খোঁজে এসেছিল তার খোঁজ সে কি পেয়েছে? ১ + ১ + ১ + ২ = ৫

অথবা

- "লটারির টিকিট না কিনলে লটারিতে টাকা পাবার উপায় নাই, ভোটে না দাঁড়ালে এম.এল.এ. হবার উপায় নাই" — মন্তব্যটি কার? উদ্ধৃতাংশটির তাৎপর্য বুঝিয়ে লিখুন। ১ + ৪ = ৫

ঙ) “মদন পেঁপে চারাটা চুরি করে নিয়ে যায়নি। আমার বারবার মনে হচ্ছিল পেঁপে চারাটাই মদনকে আমাদের বাড়ি থেকে চুরি করে নিয়ে গেছে।” — কে, কোথায় উক্তিটি করেছে? এর তাৎপর্য বুঝিয়ে লিখুন।

১ + ১ + ৩ = ৫

অথবা

“তোমাদের এই কলকাতা দিন দিন আধুনিক হচ্ছে” — কে, কাকে, কোন প্রসঙ্গে এই উক্তি করেছে, বুঝিয়ে লিখুন।

১ + ১ + ৩ = ৫